# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৪১৯

১২. কিতাবুস সিয়াম (كتاب الصوم)

পরিচ্ছেদঃ ইফতার করার সময় দুআ কবূল হওয়ার আশা করা যায় মর্মে বর্ণনা

## ذِكْرُ رَجَاءِ اسْتِجَابَةِ دُعَاءِ الصَّائِمِ عِنْدَ إِفْطَارِهِ

আরবী

3419 ـ أَخْبَرَنَا عُمَرُ بْنُ سَعِيدِ بْنِ سِنَانٍ حَدَّثَنَا فرج بْنُ رَوَاحَةَ الْمَنْبِجِيُّ حَدَّثَنَا زُهَيْرُ بْنُ مُعَاوِيَةَ عن سعيد الطَّائِيِّ عَنْ أَبِي الْمُدِلَّةِ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (ثَلَاثَةٌ لَا تُرَدُّ دَعْوَتُهُمُ: الصَّائِمُ حَتَّى يفطر والإمام العدل ودعوة المظلوم)

الراوي : أَبُو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3419 | خلاصة حكم المحدث: ضعيف – ((الضعيفة)) (1358) , ((الصحيحة)) (1797).

قَالَ أَبُو حَاتِمٍ: أَبُو الْمُدِلَّةِ: اسْمُهُ عُبَيْدُ اللَّهِ بْنُ عَبْدِ اللَّهِ مَدَنِيٌّ ثِقَةٌ.

বাংলা

৩৪১৯. আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “তিন শ্রেণির মানুষের দুআ ফেরত দেওয়া হয় না। সিয়াম পালনকারী (ব্যক্তির দুআ) যতক্ষন না ইফতার করেন, ন্যায়পরায়ন শাসক (এর দুআ) এবং মাযলূমের দুআ।”[1]

আবূ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, “আবুল মুদিল্লাহ রাবীর নাম উবাইদুল্লাহ বিন আব্দুল্লাহ মাদানী। তিনি একজন নির্ভরযোগ্য রাবী।”

ফুটনোট

[1] আত তায়ালিসী: ২৫৮৪; মুসনাদ আহমাদ: ২/৩০৫; সুনান বাইহাকী: ৩/৩৪৫; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ:

৩/৬-৭; তিরমিযী: ৩৫৯৮; ইবনু মাজাহ: ১৭৫২; সহীহ ইবনু খুযাইমাহ: ১৯০১; বাগাবী: ১৩৯৫।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাসান বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে যঈফ বলেছেন। (যঈফা: ১৩৫৮)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92753

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন